



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

স্মারক নং: বামপ/মুভ উপ/ ৮৮ /২০২৫

তারিখ: ১৩.১০.২০২৫

জনাব তাবিথ আওয়াল

সভাপতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন

বাংলাদেশ ফুটবল ফেডারেশন ভবন,

মতিঝিল, ঢাকা।

বিষয়: জাতীয় ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) একাদশ শ্রেণীর ছাত্রী প্রতিমা মুন্ডার পড়াশোনা ও খেলাধুলা অব্যাহত রাখার লক্ষ্যে বাফুফে এর সহযোগিতার জন্য বাংলাদেশ মহিলা পরিষদের স্মারকলিপি।

মহোদয়,

বাংলাদেশ মহিলা পরিষদের পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আমরা দৈনিক প্রথম আলোর এক প্রতিবেদনে লক্ষ্য করলাম যে, আর্থিক অস্বচ্ছলতার কারণে ফুটবল খেলোয়াড় প্রতিমা মুন্ডার পড়াশুনা ও খেলাধুলা বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। সাতক্ষীরার তালা উপজেলার দুর্গাপুর গ্রামের মেয়ে প্রতিমা মুন্ডা দেশের হয়ে অনুর্ধ্ব ১৫, অনুর্ধ্ব- ১৭ দলে নৈপুণ্যের সাথে খেলেছেন। তিনি ভারতের সুব্রত কাপেও দেশের হয়ে লড়েছেন। কিন্তু আর্থিক অস্বচ্ছলতার কারণে বিকেএসপির একাদশ শ্রেণীর শিক্ষার্থী এই খেলোয়াড়ের কলেজে ৬ মাসের বকেয়া বেতন প্রায় ৪৬ হাজার ৮৪০ টাকা হয়েছে যা তাকে অবিলম্বে পরিশোধ করার জন্য বলা হয়েছে। কিন্তু অনিয়মিত দিন মজুর বাবার এই মেয়ের পক্ষে এই অর্থ পরিশোধ করা খুবই কঠিন। এক বছর এই বকেয়া বেতন পরিশোধ করতে না পারলে শিক্ষার্থীদের বহিস্কারের বিধান রয়েছে বিকেএসপিতে।

আমরা জানি এই খেলোয়াড়রাই ক্রীড়া অঙ্গনে আমাদের দেশের হয়ে গীরব বয়ে আনেন, বাংলাদেশকে বিশ্বের আসরে অনেক উঁচুতে তুলে ধরার চেষ্টা করেন এবং আন্তর্জাতিক ক্রীড়া অঙ্গনে অনেক সম্ভবনার দ্বার খুলে দেন। আমরা মনে করি সুবিধাবঞ্চিত এই খেলোয়াড়রা রাষ্ট্রের সম্পদ। ক্রীড়া অঙ্গন থেকে তারা যাতে কোন ভাবে ঝরে না পড়ে রাষ্ট্রের দায়িত্ব সেটি নিশ্চিত করা।

বাংলাদেশ মহিলা পরিষদ সম্ভবনাময়ী এই নারী ফুটবলার সহ সুবিধাবঞ্চিত সম্ভবনাময়ী নারী ফুটবলারদের পড়াশুনা ও খেলাধুলা অব্যাহত রাখার লক্ষ্যে তাদের সার্বিক সহযোগিতা করার জন্য বাংলাদেশ ফুটবল ফেডারেশনের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছে।

সংগ্রামী অভিনন্দনসহ

ডা. ফর্জিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানী

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ